উপজেলা শিল্পকলা একাডেমি গাংনীর ৫ সদস্যের এডহক কমিটির অনুমোদন

উপজেলা শিল্পকলা একাডেমি গাংনীর ৫ সদস্যের এডহক কমিটির অনুমোদন দিয়েছে বাংলাদেশ শিল্পকলা একাডেমি।

বাংলাদেশ শিল্পকলা একাডেমীর মহাপরিচালক লিয়াকত আলী লাকী গত ১৫ মে ২০২৪ তারিখে এই কমিটির অনুমোদন দেন। যার স্বারক নং ৪৩.২০.০০০০.০১২.৩৬.০০২.২০.১০৩৮(১-৫)(১-৫)।

কমিটির আহবায়ক গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, সদস্য সচিব গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল আলম মন্টু, সদস্য বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু ও জুলফিকার আলী কানন।

এডহক কমিটি গঠণতন্ত্র মোতাবেক ৬ মাসের মধ্যে উপজেলা শিল্পকলা একাডেমী গাংনীর কার্যনির্বাহী কমিটির নির্বাচন সম্পন্ন করার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ শিল্পকলা একাডেমী।

এদিকে উপজেলা শিল্পকলা একামি গাংনীর ৫ সদস্যের এডকমিটির অনুমোদন দেওয়ায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীকে অভিনন্দন জানিয়েছেন গাংনীর বিভিন্ন স্তুরের শিল্পী,

কলাকোশুলী, গীতিকার, সাংস্সাংকৃতিকসেবী ও বিভিন্স্কৃন তিক সংগঠণ।

এডহক কমিটির হাত ধরে আগামীতে একটি সুন্দরকিার্য নির্বাহী কমিটি গঠণ ও সাংস্কৃতিক অঙ্গণ এগিয়ে যাবে বলে তারা আশা প্রকাশ করেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় বিএনপি নেতা ও সাবেক ইউপি চেয়ারম্যান আহত

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম (৫৬) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (৩০ মে) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার বাওট বীরমুক্তিযোদ্ধা আব্দুল গণি কলেজের সামনে এই দুর্ঘটনা ঘটে।

আজত সিরাজুল ইসলামকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, বিএনপি নেতা ও চেয়ারম্যান সিরাজুল ইসলাম মোটরসাইকেল যোগে বাওট বাজার থেকে আকুবপুরের দিকে যাচ্ছিলেন। বাওট কলেজের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা ইঞ্জিনচালিত পাখি ভ্যানের চাকা খুলে এসে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগে। এতে সিরাজুল ইসলাম রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

চিকিৎসকের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, তার বুকের কলার বোন ভেঙ্গে গেছে এবং শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

গাংনীর বামন্দী ইউপিতে ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় ইউনিয়ন পরিষদের সভাকক্ষে বাজেট ঘোষণা করেন অনুষ্ঠানের সভাপতি ও ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল।

উন্নয়ন মুলক কাজের আয়-ব্যয় ধরে বাজেট প্রনয়ন হয়েছে ১,৬৮,৫৩,৪৯০(এক কোটি আটষট্টি লক্ষ তিপ্পান্ন হাজার চারশত নব্বই টাকা)

এই বাজেটে নলকূপ, কাচা রাস্তা উন্নয়ন,সাহায্য, জন্ম নিবন্ধন, বৃক্ষরোপণ, স্বাস্থ্যখাত, ব্যবসা-বাণিজ্য, ক্রীড়া, আপ্যায়ন ইত্যাদির উপর ধার্য করা হয়েছে।

সভায় সভাপতি বলেন, জনগণের সেবা করা জন্য সেবক হিসেবে ৫ বছেরর জন্য দায়িত্ব নিয়েছি। জনগনের নিকট সেবা পৌছে দেওয়া আমার যেমন দায়িত্ব তেমনি এ দেশের নাগরিক হিসেবে ইউনিয়ন পরিষদের সকল উন্নয়ন মুলক কাজে সহযোগিতা করা আপনাদেরও দায়িত্ব ও কর্তব্য।তাই আপনাদের সহযোগিতা পেলে বামন্দী ইউনিয়নকে একটি সুখী ও সমৃদ্ধ ইউনিয়ন হিসেবে গড়ে তোলার চেষ্টা করবো।

এসময় আওয়ামী লীগ নেতা মোশাররফ হোসেন, আবুল বাশার, ইউপি সচিব মো: মনিরুল ইসলাম, সকল ইউপি সদস্য সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউপিতে ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ২০২৪-২৫ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার (২৮ মে) সকাল ১১ সময় কাথুলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পরিষদের বিশেষ এ সভায় গৃহীত ২০২৪-২৫ অর্থবছরের চুড়ান্ত প্রস্তাব,আলোচনা ও সিন্ধান্ত গ্রহন করেন।

এ সভায় ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে কাথুলী ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ, সহকারী সচিব আসলাম হোসেন, ১নং ওয়ার্ড কাথুলী ইউ পি সদস্য বাবুল হোসেন,২ নং ওয়ার্ড গাড়াবাড়ীয়া ইউ পি সদস্য জিনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ড সহগলপুর ইউ পি সদস্য আশরাফুল ইসলাম, ৪ নং ওয়ার্ড রামকৃষ্ণ পুর ধলা ইউপি সদস্য আনারুল ইসলাম, ৫ নম্বর ওয়ার্ড রাধাগোবিন্দপুর ধলা ইউপি সদস্য ফারুক হোসেন, ৬ নম্বর ওয়ার্ড খাসমহল ইউপি সদস্য হুসাইন মোহাম্মদ, ৭নম্বর ওয়ার্ড লক্ষীনারায়নপুর ধলা ইউপি সদস্য আজমাইন হোসেন, ৮ নম্বর ওয়ার্ড মাইলমারী ইউপি সদস্য কাবের আলী, ৯ নম্বর ওয়ার্ড নওপাড়া ইউপি সদস্য আনারুল ইসলাম সহ সুশীল সমাজ, গন্যমান্য ব্যাক্তিবর্গ, শিক্ষকসহ বিভিন্ন পেশা পেশাজীবি মানুষ উপস্থিত ছিলেন।

এ সময় ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ ২০২৪-২৫ বাজেট ঘোষনায় সকলের উপস্থিতে জানান ইউনিয়ন পরিষদের বিভিন্ন উন্নয়ন মুলক কাজের আয়ব্যায় ধরে একবছরের বাজেট প্রনয়ন হয়েছে ১,৫০,৯৭,৫০০(এক কোটি পঞ্চাশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত টাকা মাত্র) আইন-২০০৯ এর ভিত্তিতে অত্র ইউনিয়ন রেইট,ট্যাক্স, টোল, ব্যবসা-বাণিজ্য, সিনেমা নাটক ইত্যাদি প্রমোদ মূলক অনুষ্ঠানমালা ট্রেড লাইসেন্স পারমিট ইত্যাদির উপর ধার্য করা হয়েছে।

পরিশেষে সভার সভাপতি কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা সকলের উদ্দেশ্য জানান, আমি সহ আমার মেম্বার বৃন্দ সকলে আপনাদের সেবক হিসেবে ৫ বছরের জন্য দায়িত্ব নিয়েছি। আপনাদের সঠিক মাত্রায় সেবা পৌছে দেওয়া আমাদের যেমন দায়িত্ব তেমনি এ

দেশের নাগরিক হিসেবে ইউনিয়ন পরিষদের সকল উন্নয়ন মুলক কাজে সহযোগিতা করা আপনাদের দায়িত্ব কর্তব্য। তাই আপনাদের কাছে আমার অনুরোধ থাকবে আগামী দিনের ইউনিয়ন পরিষদের সকল প্রকার কাজে আমাদের সহযোগিতা করে আমাদের পাশে থাকবেন বলেই সভার সমাপ্তি ঘোষনা করেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে উদ্বুদ্ধকরন সভা ও রেজিষ্ট্রেশন বুথ উদ্বোধন

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে সার্বজনীন পেনশন স্কীম মাঠ পর্যায়ে সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উদ্বুদ্ধ করন সভা ও রেজিষ্ট্রেশন বুথ উদ্বোধন করা হয়েছে।

আজ সঙ্গলবার সকাল ১১ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদের সভা কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ১ নং ওয়ার্ডের মেম্বর মোঃ বাবুল হোসেন, ২ নং ওয়ার্ডের মেম্বর মোঃ জিনারুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের মেম্বর মোঃ আশরাফুল ইসলাম, ৪ নং ওয়ার্ডের মেম্বর মোঃআনারুল ইসলাম, ৫নং ওয়ার্ডের মেম্বর মোঃ ফারুক হোসেন, ৬ নং ওয়ার্ডের মেম্বর মোঃ হুছাইন মোহাম্মদ, ৭ নং ওয়ার্ডের মেম্বর মোঃ আজমাইন হোসেন, ৮ নং ওয়ার্ডের মেম্বর মোঃ কাবের আলী, ৯ নং ওয়ার্ডের মেম্বর মোঃ আনারুল ইসলাম, ১,২,৩ নং ওয়ার্ডের মহিলা মেম্বর মোছাঃ ফরিদা পারভীন, ৪,৫,৬ নং ওয়ার্ডের মহিলা মেম্বর মোছাঃ জোসনা খাতুন, ৭,৮,৯ এর মহিলা মেম্বর আরিফা খাতুন এছাড়া ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেনী পেশার মানুষ সহ শিক্ষক, সুশীল সমাজ।

এ সময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা বলেন সার্বজনীন পেনশন স্কীম চালু করেছেন এ দেশের সকল শ্রেনী

পেশার মানুষের জন্য। আগে আমরা শুনে এসেছি সুধু মাত্র সরকারী চাকরি জীবিরাই পেনশন পাই। কিন্তু এবার এদেশের সকল মানুষ যেন এই পেনশনের আওতায় পড়ে সে জন্য বর্তমান সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সুযোগ সৃষ্টি করে দিয়েছেন। এখন সকলেই পেনশনের আওতায় আসবে। এখন আর বয়স্ক হলে ছেলে ও ছেলের বৌয়ের হাতে মার খেয়ে জীবন পার করা লাগবে না। এই সরকার পেনশনের ব্যাবস্থা করে শেষ বয়সের শান্তিতে বেচে থাকার নিশ্চয়ইতা করে দিয়েছেন।

সার্বজনীন পেনশন স্কীমে ৫ টি স্কীমে পেনশন প্রদান করা হবে ১ প্রবাসীদের জন্য, সরক্ষা অর্থাৎ স্বকর্মে নিয়োজিত ব্যাক্তি,প্রগতি অর্থাৎ বেসরকারি চাকরিজীবি, সমতা অর্থাৎ অতিদরিদ্র ব্যাক্তি, প্রত্যয় অর্থাৎ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোতে কর্মরত চাকুরী জীবিদের জন্য বিশেষায়িত স্কীম। এই সার্বজনীন স্কীমের আওতায় পেনশন পাবেন ১৫০০ টাকা হতে ৩ লক্ষ টাকা পর্যন্ত। এই পেনশন কর্মসূচি তে যুক্ত হতে পারবেন ১৮ বছর হতে ৫০ বছর বয়সী যে কেউ। এই চাঁদা বন্ধ হবে ৬০ বছর বয়সে।নিয়মিতচাঁদা দিতে হবে ১০ বছর পর্যন্ত। আগে মারা গেলে নমিনী পাবেন এককালীন সুবিধা ও জমা টাকায় মিলবে ৫০% ঋণ। এবং মাসিক পেনশন শুরু হবে ৬০ বছর বয়স পর্যন্ত। তাই আমি আমার ইউনিয়নের সকল শ্রেনী পেশার মানুষ কে এই সুবিধার আওতায় আসার জন্য অনুরোধ জানাবো যেন সকলেই এই সেবা টি উপভোগ করতে পারে।

গাংনীর গাড়াবাড়ীয়াতে হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

গাংনীর গাড়াবাড়ীয়া হলদেপাড়ায় ৬ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম।

গতকাল শনিবার দুপুরে গাড়াবাড়ীয়া হলদেপাড়াতে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলামের নেতৃত্বে, এ এস আই অমল চন্দ্র মন্ডল ও এ এস আই শামছুর রহমান সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।আটক কৃতরা হলেন, মোঃ কাজেম আলীর ছেলে মমিন ইসলাম (১৯) ও মোঃ আইয়ুব আলীর ছেলে বাদশা মিয়া (২৬) কে ৬ গ্রাম হেরোইন সহ আটক করা হয়।

তারা দুজনেই চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাদের দুজনকে আটক করে, দেহ তল্লাশি করে ৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাদের আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে মাঠে কাজ করতে গিয়ে কৃষকের মৃত্যু

গাংনীতে মাঠে কাজ করার সময় প্রচন্ড গরমে হিট স্ট্রোক করে সিরাজ মন্ডল (৬০) নামের এক কৃষক মারা গেছেন।

গতকাল শনিবার দুপুরের দিকে মাঠে নিজ জমির ধান কাটা মাড়ায় করার সময় অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার সময় পথিমধ্যে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

তবে, মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ জোবাইদা ফারজানা জানান, সিরাজ মন্ডল চিকিৎসা দেওয়ার সময় মারা গেছেন।

প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষায় দেখা গেছে তিনি হৃদরোগে আক্রান্ত ছিলেন। সিরাজ মন্ডলের বাড়ি গাংনী উপজেলার আকুবপুর গ্রামে।

স্খানীয়রা জানান, কৃষক সিরাজ মন্ডল নিজের জমিতে ধান কাটা মাড়াই কাজ করছিলেন। কাজের এক পর্যায়ে তিনি অসুস্থ হয়ে পড়েন। প্রচণ্ড গরমে তিনি অসুস্থ হয়ে পড়েছেন বলে জানান তার পরিবারের লোকজন।

গত দুই দিন থেকে মেহেরপুর জেলার উপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপ প্রবাহ। তীব্র তাপ প্রবাহ এবং প্রচণ্ড রোদে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা রাকিবুল ইসলাম বলেন,সন্ধ্যা ছয়টায় মেহেরপুর ও চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা ৪১.৭ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ৫৭% ছিলো। গত শুক্রবার (২৪ মে) তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৪০ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আদ্রতা ছিলো ৪২%।

গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে জামানত হারাচ্ছেন ৬ প্রার্থী

ষষ্ঠ উপজেলা পরিষদের দ্বিতীয় ধাপে অনুষ্ঠিত উপজেলা পরিষদ নির্বাচনে গাংনীর ৬ প্রার্থী তাদের জামানত হারিয়েছেন।

এদের মধ্যে চেয়ারম্যান পদে ৫ জন এবং ভাইস চেয়ারম্যান পদে ১ জন প্রার্থী জামানত হারান।

তবে, চেয়ারম্যান প্রার্থী জামানত হারানোর মধ্যে তিন প্রার্থী নির্বানের কয়েকদিন আগেই নির্বাচন থেকে সরে দাড়িয়েছিলেন। এরা হলেন, গাংনী উপজেলা পরিষদের সাবেক উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট একেএম শফিকুল আলম (কাপ পিরিচ), লাইলা আরজুমান বানু শিলা দোয়াত কলম ও গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন (মোটরসাইকেল)। ভোটের মাঠে থেকে দুই প্রার্থী তাদের জামানত হারিয়েছেন। এরা হলেন বিএনপি থেকে

বহিস্কৃত জুলফিকার আলী ভূট্টো (কৈ মাছ) ও মুকুল জোয়াদ্দার (শালিক পাখি)।

নিয়ম অনুযায়ী প্রদত্ত ভোটের ১৫ ভাগের নিচে ভোট পেলে সেই প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হবে।

সে অনুযায়ী গাংনী উপজেলা পরিষদের ৫ প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হবে। এই প্রার্থীরা হলেন বিএনপি থেকে বহিস্কৃত মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো (কৈ মাছ) প্রতিকে পেয়েছেন ৪ হাজার ৯৫৭, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন (মোটরসাইকেল) প্রতিকে পেয়েছেন ৭০৪, সাবেক উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট একেএম শফিকুল আলম (কাপ পিরিস) প্রতিকে পেয়েছেন মাত্র ২৮৯, উপজেলা যুব মহিলা লীগ নেত্রী লাইলা আরজুমান শিলা (দোয়াত কলম) প্রতিকে পেয়েছেন ২২৭ এবং গাংনী হর্কাস মার্কেটের সভাপতি মুকুল আহম্মেদ ওরফে মহিবুল জোয়াদ্দার (শালিক পাখি) প্রতিকে পেয়েছেন ২০১ ভোট। সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী এরা সবাই তাদের জামানত হারাচ্ছেন। নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদে রেজাউল হক (চশমা) তার জামানত হারাচ্ছেন। তিনি পেয়েছেন ১৬৮২ ভোট।
মঙ্গলবার অনুষ্ঠিত গাংনী উপজেলা পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে ৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের বর্তমান চেয়ারম্যান এম এ খালেক (আনারস) প্রতীক নিয়ে ৩৩ হাজার ৭২৩ ভোট পেয়ে চেয়ারম্যান পদে পুনঃনির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রার্থী মাখেলেছুর রহমান মুকুল (হেলিকপ্টার) প্রতীক নিয়ে ২৮ হাজার ২৯৩ ভোট পান এবং তৃতীয় স্থানে রয়েছেন উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল (ঘোড়া), তিনি ভোট পেয়েছেন ১৫ হাজার ৫৬০ ভোট।

ফুলেল শুভেচ্ছা ও জনগণের ভালোবাসায় সিক্ত হলেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে দ্বিতীয়বারের মত গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। প্রতিপক্ষ প্রার্থীকে ৫ হাজার ৪৩০ ভোটের ব্যবধানে হারিয়ে দ্বিতীয়বারের উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হন তিনি।

এম এ খালেক পুনরায় উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর দলীয় নেতাকর্মী, বিভিন্ন পেশাজীবি সংগঠণ, সামাজিক সাংস্কৃতিক সংগঠণসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ গতকাল বুধবার দিনভর তার সাথে দেখা করে শুভেচ্ছা বিনিময় করেন এবং ফুলেল শুভেচ্ছা জানান।

সকাল থেকেই উপজেলা বিভিন্ন এলাকার হাজার হাজার নেতা কর্মী, স্থানীয় জনপ্রতিনিধিসহ ব্যক্তি ও সংগঠনের নেতৃবৃন্দ তার বাড়িতে ছুটে আসেন।

এসময় জনগণের ভালোবাসা ও ফুলেল শুভেচ্ছায় সিক্ত হন দুই বার নির্বাচিত চেয়ারম্যান এম এ খালেক। তারা তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান।

এসময় এম এ খালেক সবার উদ্দেশ্যে বলেন, আপনারা আমাকে যে ভালোবাসা দেখিয়েছেন আমি সেই ভালোবাসায় অভিভুত। আমি পূর্বের অভিজ্ঞতা কাজে লাগিয়ে আগামী পাঁচটি বছর গাংনীর উন্নয়নে কাজ করবো। আমি আপনাদের দোয়া চাই, যাতে গাংনী উপজেলাবাসীর সেবায় আন্তরিকভাবে কাজ করতে পারি।
গাংনী পৌরসভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস পচু, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য শওকত আলী, শাহানা ইসলাম শান্তনাসহ

আওয়ামীলীগের বিভিন্ন স্তুরের নেতা কর্মী ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ তার সাথে দেখা করেন ও ফুলের মালা পরিয়ে দিয়ে শুভেচ্ছা জানান।

এছাড়া, মেহেরপুর জেলা আওয়ামীলীগের গুরুত্বপূর্ণ নেতৃবৃন্দ, গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের মেম্বরবৃন্দ, ও অসংখ্য দলীয় নেতাকর্মী ও সমর্থক ফুলেল শুভেচ্ছা জানান।

ভোট কেন্দ্রের বাইরে কর্মী সমর্থকদের ভীড়, কেন্দ্রের ভিতরে ভোটার শুন্য

ভোট কেন্দ্রের বাইরে কর্মী সমর্থকদের ভীড়, ভোট কেন্দ্রের ভিতরে ভোটার শুণ্য। উপজেলা নির্বাচন, আয়োজনের কমতি নেই, শুধু কেন্দ্রে ভোটার উপস্থিতি কম।

সকাল নয়টা, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে ভোটারের দেখা নেই। পুরো কেন্দ্র ফাঁকা। বুথে প্রার্থীর এজেন্ট আছেন, পোলিং অফিসার ও প্রিজাইডিং অফিসার আছে। বাইরে পুলিশ ও আনসার সদস্যরা অলস সময় পার করছেন।
উপজেলা পরিষদ নির্বাচনে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের ভোট কেন্দ্রে আজ সকালের চিত্র এটি।

প্রিসাইডিং কর্মকর্তা রাসেল মোস্তাফিজ বলেন, ” কেন্দ্রে ভোটারদের উপস্থিতি দেখা যাবে ভেবেছিলাম। কিন্তু তা হয়নি।’

তবে, কিছুক্ষণ পরেই ভোট দিতে আসেন, প্রার্থী মোখলেছুর রহমান মুকুল, সাবেক এমপি মকবুল হোসেন ও সাবেক মেয়র আশরাফুল ইসলাম।

এ কেন্দ্রটি ঝুঁকিপূর্ণ হওয়ায় নিরাপত্তার দায়িত্বে আছেন ১৭ জন আনসার ও ৪ জন পুলিশ সদস্য। সব চেয়ারম্যান প্রার্থীর এজেন্টকে দেখা গেছে।

গোপালনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় সকাল আটটায় ভোট শুরু হয়ে প্রথম দুই ঘণ্টায় এই কেন্দ্রে ভোট পড়েছে ৭০টি। এখানে মোট ভোটার ২৪৬৩। দুই ঘন্টায় ২.৮৪২ শতাংশ ভোট পড়েছে এখানে। বেলা ১২ টার দিকে সাহারবাটি মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে ১০০ ভোট পোল হয়েছে। এখানে মোট ভোটার সংখ্যা ২৫৯৯। চার ঘন্টায় এখানে ভোট পোল হয়েছে ৪ শতাংশ। একই সময়ে সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ৩১৬৮ ভোটারের মধ্যে ভোট প্রদান করেছেন ১০৬ জন। যার শতকরা হার ৩.৩৪ শতাংশ। বেলা ১১ টার সময় নওপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে পোল হয়েছে
২৪৭। এখানে মোট ভোটার সংখ্যা ৩২১৬।

সকাল ১২ টার সময় হিজলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে পোল হয়েছে ৬৫ ভোট। এখানে ভোটার সংখ্যা ১৯৬০। বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১১ টার সময় ভোট পোল হয়েছে ১০৪। যেখানে ভোট সংখ্যা ২৬৬৭। করমদি মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১২ টার সময় পোল হয়েছে মাত্র ৪৭ ভোট। এখানে মোট ভোটার সংখ্যা ২০৪৪। বাঁশবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১০ টার সময় ভোট পড়েছে মাত্র ৪৫। এই কেন্দ্রে ভোটার সংখ্যা ২৩৮৮। গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১১ টার সময় ভোট পোল হয়েছে মাত্র ৫২। যেখানে ভোটার রয়েছে ৫২। করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১২ টার সময় ভোট পড়েছে ৩২। কুতুবপুর স্কুল এন্ড কলেজ ভোট

বেলা দেড়টার সময় ভোট পোল হয়েছে ২৫০। যেখানে ভোটার রয়েছে ১৮৬৭। বেলা ১২ টার সময় কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে একই সময় ভোট পোল হয়েছে ৪৩৩। এখানে ভোটার সংখ্যা ১৯৫১।

সরেজমিনে ভোটকেন্দ্রগুলোতে গিয়ে দেখা যায়, ভোটারের উপস্থিতি খুবই কম। পোলিং এজেন্টসহ অন্যরা অলস সময় পার করছেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের তৎপরতা নেই।

তবে, গাংনী উপজেলা নির্বাচন অফিসার কামরুল হাসান জানান, বেলা দুইটা পর্যন্ত শতকরা ২১ শতাংশ ভোট পড়েছে।